



বি আই ডব্লিউ টি সি

ACCU

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর	
তারিখ: ০৯/১১/২৩	
ক্র. নং, এন. ডি	জেলা প্রশাসকের
ক্র. নং	জরুরী পেশা করুন
ক্র. নং	পেশা করুন
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ	
(অভ্যন্তরীণ জাহাজ চলাচল প্রতিষ্ঠান)	
২৪, কাজী নজরুল ইসলাম এডিনিউ, বাংলাদেশ শাহাবাগ, ঢাকা-১০০০	
ফোন : ৯৬৭৩৬৭১, ৯৬৩৫২৩৬, পিএবি এন্ড : ৯৬৩৪০২১, ৯৬৩৪০২২	
৩. কাজী শহর (মাঃ স্ট্যান্ডিং) : ৯৬৭৩৬২৩	
Web site : www.biwtc.gov.bd E-mail: info@biwtc.gov.bd	


স্মারক নং-১৮.১৫১.০১৮.০১.৩৩.২০২৩/৮৩৮

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩০ বঃ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ

বিষয় : রৌমারী-চিলমারী(কুড়িগ্রাম) ফেরি সার্ভিস চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের সিদ্ধান্তক্রমে গত ২০-০৯-২০২৩ খ্রিঃ রৌমারী-চিলমারী(কুড়িগ্রাম) ফেরি সার্ভিস চালু করা হয়। উত্তরবঙ্গের বিশেষ করে পঞ্চগড়, নীলফামারী, রংপুর, ঠাকুরগাঁও, দিনাজপুর, লালমনিরহাট, গাইবান্ধা জেলার বাস এবং ট্রাকসমূহ বঙ্গবন্ধু সেতু হয়ে ঢাকাসহ ময়মনসিংহ ও সিলেট বিভাগের বিভিন্ন জেলায় পৌঁছাতে অনেক সময় ও জ্বালানী ব্যয়ের পাশাপাশি জনসাধারণকে অনেক দুর্ভোগ পোহাতে হত। সেক্ষেত্রে উক্ত অঞ্চলের যানবাহনগুলো রৌমারী-চিলমারী ফেরি সার্ভিস দিয়ে যাতায়াত করলে অতি অল্প সময়ে জামালপুর-শেরপুর-ময়মনসিংহ হয়ে ঢাকাসহ দেশের বিভিন্ন গন্তব্যে পৌঁছাতে পারবে এবং জনদুর্ভোগ লাঘব হবে। এতে করে বঙ্গবন্ধু সেতুর উপর চাপ কমবে এবং বৃহত্তর উত্তরবঙ্গের সাথে জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, সিলেট অঞ্চল এবং ব্রাহ্মনবাড়িয়া জেলার যোগাযোগ ব্যবস্থা সহজ ও সুদৃঢ় হবে। উক্ত নৌ-রুট দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। বিআইডব্লিউটিসি'র ফেরিসমূহ বাংলাদেশের জাতীয় সম্পদ এবং এই সম্পদ রক্ষা করা আমাদের সবার দায়িত্ব।

এমতাবস্থায়, উত্তরবঙ্গের সাথে ময়মনসিংহ, জামালপুর, শেরপুর জেলার বাস ও ট্রাক মালিক সমিতির নেতৃবৃন্দদের সহায়তায় রৌমারী-চিলমারী(কুড়িগ্রাম) ফেরি সার্ভিস ব্যবহারে উদ্বুদ্ধকরণের জন্য বিআইডব্লিউটিসি'র পক্ষ হতে আপনার সার্বিক সহযোগিতা প্রত্যাশা করছি।


০৯/১০/২৩

(এস এম ফেরদৌস/আলম)
(অতিরিক্ত সচিব)

চেয়ারম্যান

বিআইডব্লিউটিসি

ফোনঃ ২২২৩৩৬০৬৭১

E-mail: chairman@biwtc.gov.bd

জেলা প্রশাসক

ময়মনসিংহ/জামালপুর/শেরপুর/নেত্রকোনা।

স্মারক নং-১৮.১৫১.০১৮.০১.৩৩.২০২৩/৮৩৮

তারিখ : ২৪ আশ্বিন ১৪৩০ বঃ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

- ১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ(জেলা পরিষদ ভবন এর পশ্চিম পার্শে), কাচারী রোড, ময়মনসিংহ।
- ২। ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, জেলা পরিষদ ভবন, কাঁচারী রোড, ময়মনসিংহ।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। দপ্তরলিপি।

চেয়ারম্যান
বিআইডব্লিউটিসি, ঢাকা।